# অবিশ্রান্ত পৃথিবী

কাইয়েনপাইবম বৃন্দা

CamScanner

# অবিশ্রান্ত পৃথিবী

কাইয়েনপাইবম বৃন্দা

ঘাস প্রকাশন

অবিশ্রান্ত পৃথিবী ॥ কাইয়েনপাইবম বৃন্দা
প্রথম প্রকাশ : অমর একুশে ২০২৪

প্রকাশক
নাজমুল হক নাজু
ঘাস প্রকাশন, মাছুদিঘির পাড়, সিলেট
ghas.prakashan@gmail.com
+৮৮০১৭১১৩৩৬৪০৭

মুদ্রক
ছাপাকানন, সিলেট
দূরভাষ +৮৮০১৯৭১৩৩৬৪০৭

পরিবেশক
বাতিঘর, সিলেট ও গতি প্রকাশনী, পাঠক সমাবেশ, ঢাকা
অনলাইন পরিবেশন : রকমারি ডট কম

স্বত্ব
লেখক

প্রচ্ছদ
ইবনে মাহমুদ

৳ ২০০/-

Abishranta Prithibi (A Collection of Poetry in Bengoli)
by Brinda Rani Sinha
Published by Ghas Prakashan, Masudighir Par, Sylhet,
Bangladesh. Price ৳200.00, First Edition 21 February 2024

**ISBN Number: 978-981-98110-6-1**

CamScanner

## উৎসর্গ

জীবন সংগ্রামে
স্নেহ-মমতা, প্রেম-ভালোবাসা
ও প্রেরণা যোগিয়ে নিরন্তর সহযোগিতা
করেন 'সুখময় সিংহ'। তিনি আমার ছাত্র
জীবনের সহপাঠী এবং সংসার জীবনের জীবন সাথী।

# কিছু কথা

সাহিত্যের ছন্দময় এ বর্ণিল জগতে এক নবীন পথিক আমি। 'অবিশ্রান্ত পৃথিবী' আমার দ্বিতীয় কাব্য গ্রন্থ। বিচিত্র জীবনে নানা প্রতিকূলতার মাঝে মনের গভীরে প্রবল ইচ্ছে শক্তি জাগে, তখনই কিছু স্মৃতি, ইচ্ছা-আকাঙ্ক্ষা, সুখ-দুঃখ, বাস্তব-অবাস্তব, দেশপ্রেম ভালোবাসা আর নান্দনিক প্রকৃতির সৌন্দর্য্য নিয়ে আমার লেখার প্রয়াস মাত্র। গ্রন্থভুক্ত একটি কবিতার নামে বইয়ের নামকরণ করা হয়েছে 'অবিশ্রান্ত পৃথিবী'।

আমার কাব্য গ্রন্থটি পাঠক সমাজে সমাদৃত হলে সামনে পথচলায় আমার পথের পাথেয় হয়ে থাকবে। আমার প্রিয় শ্রদ্ধেয় অগ্রজ কবি জনাব, সাজ্জাদুল হক স্বপন স্যারের উৎসাহ-উদ্দীপনা এবং সার্বিক সহযোগিতায় সাহিত্যজগতে কাব্যগ্রন্থ প্রকাশ করেছি। এছাড়া যাঁরা পরামর্শ ও অনুপ্রেরণা দিয়েছেন তাঁদের সবার প্রতি রইল আন্তরিক কৃতজ্ঞতা।

০৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

**কাইয়েনপাইবম বৃন্দা**
হকতিয়ারখোলা

CamScanner

## সূচি


শান্তির পৃথিবী ০৯
কোথায় যেন হারিয়ে গেল ১০
ভাবনা ১১
ভালোবাসার স্নিগ্ধ পরশ ১২
মা ১৩
শুধু আমারই জন্য ১৪
জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে ১৫
নবান্ন উৎসব ১৬
বিজয়কেতন ১৭
প্রশান্ত মন ১৮
নদী ১৯
সবাই থাকুক ভালো ২০
একান্ত হৃদয়-অ্যালবাম ২১
শরতের স্নিগ্ধ সমীরণ ২২
নির্জন রাত ২৩
দক্ষ ২৪
অনুভবে সিক্ত হৃদয় ২৫
আমার কবিতা ২৬
হৃদয়ের ভালোবাসা ২৭
স্বাধীনতা ২৮
অতৃপ্ত বাসনা ২৯
হেমন্তের সোনালি ফসল ৩০
নির্মল আকাশের নিচে ৩২
প্রখর রৌদ্র ৩৩
প্রতিক্ষায় গুনছি প্রহর ৩৪
মৃত্যু ৩৫
অন্দরমহলের অনুচ্চারিত কথা ৩৬
হৃদয়ের অন্তঃপুরে ৩৭
শীতের সকাল ৩৮
পূর্ণতা ৩৯
৪০ নারী
৪১ অবকাশ
৪২ অদ্ভুত প্রশান্তি
৪৩ বাংলার বর্ষা
৪৪ বিরহ-বিচ্ছেদ
৪৫ অবিরাম ছুটে চলা
৪৬ ভাঙলো আমার মন
৪৭ শর্তহীন নিশ্বাস
৪৮ তোমাকে ভালোবাসি বলে
৪৯ ঋতুরাজ বসন্ত
৫০ নদীর মোহনায়
৫১ অমলিন ভালোবাসা
৫২ ইচ্ছে
৫৩ শুধুই তুমি
৫৪ অপূর্ব সৌন্দর্য
৫৫ ভাবনার বহিঃপ্রকাশ
৫৬ ভোরের শিউলি
৫৭ আমার আকর্ষণ
৫৮ মুগ্ধতার আবেশে
৫৯ অপেক্ষা
৬০ খোলা আকাশের নিচে
৬১ ঋতুবৈচিত্র্য
৬২ একান্ত নিভৃতে
৬৩ বিচলিত মন
৬৪ অবিশ্রান্ত পৃথিবী


CamScanner

# শান্তির পৃথিবী

গতিশীল পৃথিবীতে
নিরবধি চলে জীবনতরি,
সীমাবদ্ধ জীবন—
ধরণির ধুলোর মাঝে
যেতে হবে বহুদূর।
সবুজ-শ্যামল, কোমল রোদ
রাস্তার পাশে বৃক্ষসারি।

'সযত্নের প্রয়াস'
ভাবনার জড়তাকে
শিকলমুক্ত করে
বিপুল উচ্ছ্বাসে
মনের মন্দিরে
ঢেউয়ের সাগরে
ক্লান্তিহীন তারুণ্য-সমাবেশ।

কালিমা ছাড়া উজ্জ্বল আলো
মেঘহীন উদার আকাশের মতো
প্রেমের সাগরে ভেসে
কত শিউলি-বকুল
ফুটে আর ঝরে—
কমে কোথায় কবে?
প্রবাহমান অশান্ত পৃথিবী থেকে
খুঁজে পাব শান্তির পৃথিবী।

১০ আগস্ট, ২০২৩



CamScanner

## কোথায় যেন হারিয়ে গেল

মাটির দেয়ালের শীতল নীড়
পূর্বদিগন্তে ঘন-অরণ্য,
জোয়াল আর লাঙ্গল কাঁধে
কৃষক আনন্দে আত্মহারা
ফসলের মাঠে গরু-মহিষের ভিড়
ধানখেতে পানকৌড়ির ডাক
ঢেউখেলানো স্নিগ্ধ সমীরণ
গোলাভরা ধান
পুকুরভরা মাছ
দিঘিভরা শাপলা-শালুক
কাঁদা রাস্তায় দু-একটি
তেলবিহীন রিকশাচালকের ঘর্মাক্ত দেহ
কিছুই তো নেই আজ!

আজ আছে শুধু অচেনার ভিড়
কৃষকের ব্যয়বহুল প্রযুক্তি
ব্যবহারে পাম্প আর ট্যাক্টর।
প্রাচীরঘেরা বাড়ি, দূষণযুক্ত ড্রেন
যানবাহনের ভিড়
রয়েছে গাড়ির হর্ন
পোড়া তেলের গন্ধ।
যেন নিমেষেই সবকিছু নির্মূল।

১৮ আগস্ট, ২০২৩



CamScanner

## ভাবনা

নীরব-নিশ্চুপ গভীর রাতে
আকাশে রুপোলি চাঁদ
বসে থাকি একা-একা।
আকাশপানে চেয়ে দেখি
উজ্জ্বল আলো
নক্ষত্রের ঝিকিমিকি।

ভোরের আলোয়
অনাগত রক্তিম সূর্যে তাকিয়ে
মোর বর্ণিল পথচলা।
আকাশে যখন ভেসে বেড়ায়
ঘনঘটা কালো মেঘ
তখন নীড়ে-ফেরার তাগিদে
বাছুর করে ছুটোছুটি।

হিমাচলে বসি যখন
দেখি তার জোয়ারভাটা।
সুবিশাল বারান্দায়
বড়ো আকর্ষণ—
কুসুমকাননে নৈসর্গিক সৌন্দর্য
মন জুড়িয়ে যায়
বাগানবিলাস চমৎকার ফুটেছে।

নীল আকাশে ডানা মেলে
উড়ে বেড়ায় অচিন দেশের পাখি—
তখন আমার মনে পড়ে
জীবনের নানান রঙিন স্মৃতি।

১৯ আগস্ট, ২০২৩



CamScanner

## ভালোবাসার স্নিগ্ধ পরশ

ফুটলে পুষ্প কাননে
দখিনা বাতাসে দোলে
চারিদিকে ছড়িয়ে পড়ে সুবাস।
হাজার নদীর ঢেউ
নদীর তীরে সাদা কাশফুল
মাঠে মাঠে সোনালি ফসল
কৃষকের মুখের হাসির বান।
বাংলার বুকে
লাল-সবুজের পতাকা
বিজয়ের জয়ধ্বনি!

দিঘিভরা জলে
ভাসছে নীলপদ্ম, শাপলা-শালুক
শীতের সকালে শিশিরবিন্দু, মিষ্টি রোদ,
বসন্তের আগমনে—
কোকিলের কণ্ঠে কুহুকুহু গান
প্রকৃতির এত স্নিগ্ধ সমীরণ
শীতল করা ভালোবাসা
অমৃতসম প্রেম হৃদয়ে দেয় দোলা।

২০ আগস্ট, ২০২৩



CamScanner

## মা

ত্রিভুবনে মায়ের মতো
কেউ থাকে না আপন
*মা* শব্দটি এত মধুর—
সবাই জানি তাই।
একসময়
মাতৃগর্ভে ছিলেম অনায়াসে
মায়ের কোলে আঁচল-ছায়ায়
কত শান্তি মেলে।

সদা প্রয়োজনে
মা-যে থাকেন পাশে
মায়ের মুখের মিষ্টি হাসি
যায় না কভু ভোলা,
মায়ের মুখের মধুর ভাষায়
মনের কথা বলি।
মায়ের স্নেহ-ভালোবাসা
হৃদয়টাকে শীতল রাখে সারাক্ষণ!
করজোড়ে জানাই আমি
সব মায়েরে প্রণাম।

২১ আগস্ট, ২০২৩



CamScanner

## শুধু আমারই জন্য

প্রকৃতির রূপসি কন্যা
আমাদেরই বাংলা।
বেসেছি ভালো তোমায় হৃদয় ভরে
আমার প্রিয় স্বদেশ—বাংলাদেশ।
বাংলা বাঙালিদের মাতৃভাষা।
মণিপুরি ভাষা—
মোদের প্রিয় মাতৃভাষা
মা শেখালেন মাতৃভাষা
মায়ের মুখের মধুর ভাষায়
মনের কথা বলি।

ভালোবেসে বাঁচিয়ে রাখার জন্য
চালিয়ে যাচ্ছি নিরলসভাবে
নিত্যদিন প্রচারে, প্রসারে, সংরক্ষণে
মোদের প্রিয় মাতৃভাষা।

'মোদের আছে বর্ণমালা
তিন দশকের তিন কম।'
'প্রতিটি অঙ্গের নামকরণে
দুই দশকের দুই কম'
'প্রমিত ভাষা ব্যবহারে
এক দশকের এক কম।'

অবশেষে রয়েছে
আট-আটটি কারচিহ্ন ও চিহ্নযুক্ত হসন্ত
বর্ণমালায় সমাদৃত মাতৃভাষার সমাহার।
জননীর স্নেহের শূন্য হৃদয়ে
স্নেহের কাঙাল হৃদয়কোণে,
অগণিত তারকার মতো
প্রেরণা যুগিয়েছে
স্নেহমাখা কচি মুখগুলোর
অফুরন্ত ভালোবাসায়
দিয়েছে আমার হৃদয় ভরে
শুধু আমারই জন্য।

২২ আগস্ট, ২০২৩



CamScanner

## জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে

হতে পারিনি সার্থক পূজারি
বিচিত্র মানব পৃথিবীতে!
আবেগি অনুভূতির জীবন-পাতায়
ফলাফল হল শুধু শূন্য!
নিজস্ব ভুবনে
জীবনের প্রতিটি মুহূর্ত যেন
নিশ্বাসে-প্রশ্বাসে
প্রচলিত নিয়মে অভ্যস্ত হওয়ার
প্রচেষ্টা প্রতিনিয়ত!

গতিশীল জীবনে
হিসেবের খাতায়
গাণিতিক প্রতীকগুলো
ছুঁয়ে আছে জীবন-পাতায় !
ইন্দ্রধনুর মতো রঙে-রঙে
পুঞ্জীভূত জীবনতরি—
হৃদয়ের টানে ভালোবাসার পৃথিবীতে
জীবনস্রোতে চলার পথ হিসেববিহীন।

সবই বিমুক্ত করে
চলে যাব সবাই
রবে মনের গহিনে
নিষ্প্রাণ হাসি
জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে।

১০ সেপ্টেম্বর, ২০২৩

## নবান্ন উৎসব

ফসলের ঋতুবৈচিত্র্য
ঘরে-ঘরে আনন্দ নিয়ে আসে,
নতুন ফসলেরা বলে
'কোথায় আমার আপনজন?'
কৃষকের শূন্য গোলায়
ভরবে ফসলের বান
নির্ভাবনায় কৃষকের মুখে স্নিগ্ধ-হাসি।

ঋতুচক্রের আবর্তনে
হেমন্ত বয়ে আনে শীতের বার্তা।
শীতের সকালে শিশিরভেজা ঘাসের ডগায়
মুক্তোর দানার মতো ঝলমলে
জীবনে নিয়ে আসে বৈচিত্র্যের ছোঁয়া।

কৃষানিরা আনন্দে আত্মহারা
নবান্নে নতুন চালের
পিঠা-পায়েসের আয়োজন
প্রাণঢালা কোলাহল
জয়ধ্বনি ভেসে আসে।

অগ্রহায়ণে চারদিক
ধুম পড়ে যায় নবান্ন বরণে।
সবুজ-শ্যামল বাংলার বুকে
চিরাচরিত রূপ হয়ে থাকবে
প্রতিটি ঘরে ঘরে
বাঙালির নবান্ন-উৎসব।

১১ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## বিজয়কেতন

আয়তাকার লাল-সবুজের
একটি পতাকার জন্য
কত সংগ্রাম, কত মিছিল
রাজপথ রক্তে রঞ্জিত
১৯৭১-এ মুক্তিযুদ্ধে
অর্জিত আমাদের লাল-সবুজের
বিজয়কেতন।

চারদিকে নরনারী,
শিক্ষক-চিকিৎসক,
কৃষক-শ্রমিক,
বুদ্ধিজীবী-সাংবাদিক
লক্ষ-লক্ষ শহিদের
ত্যাগের বিনিময়ে
অর্জিত আমাদের লাল-সবুজের
বিজয়কেতন।

১৯৭১-এ মুক্তিযুদ্ধে
কত মাতৃহারা,
কত পিতৃহারা,
কত সন্তানহারা,
কত স্বামীহারা,
অসংখ্য মা-বোনের নির্যাতন
আর সম্ভ্রমের বিনিময়ে
অর্জিত আমাদের লাল-সবুজের
বিজয়কেতন।

অনেক অশ্রুর বিনিময়ে
আমাদের স্বাধীনতার পতাকা
আমাদের গৌরব, আমাদের অহংকার
আমাদের মুক্তির শপথ।
শ্রদ্ধাভরে সম্মান জানায়
আমাদের লাল-সবুজের
বিজয়কেতন।

১৫ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## প্রশান্ত মন

ভোরে আজানের সুর মেশে
নীল আকাশে।
মুয়াজ্জিনের আজান-ধ্বনি শুনে
ভক্তরা যান ফজরের নামাজে।
ভোরে মোরগের ডাক
কুক্কুরু-কু, কুক্কুরু-কু।

ভোরের নির্মল বায়ু
পাখপাখালির গান
আমার প্রশান্ত মনে
প্রার্থনায় বিগলিত হয়।
শান্ত থাকে তখন
সবারই পত্র শিরা।

ভোরের মনোরম দৃশ্য
বাঙালির নববধূ
ঘোমটার আড়ালে
আলতো পায়ে
এদিক-ওদিক পায়চারী
দু-এক রমনী
পাশের পুকুর-ঘাট থেকে
নেয়ে আসা—
পূর্ব-আকাশের স্নিগ্ধ আলোয়
এ অপরূপ সৌন্দর্যের
দৃষ্টিনন্দন রূপ
মুগ্ধ করে প্রশান্ত মন।

১৬ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## নদী

জন্ম থেকে বয়ে চলেছে
সমুদ্রাভিমুখে
চারদিক অরণ্য-প্রকৃতি
বৃক্ষলতা নয়নাভিরাম
শস্য-শ্যামল উপত্যকা।
নদীর শান্ত ও মধুর স্রোত
অবারিত ফসলের মাঠ
নদীর ধারে পানকৌড়ি-মাছরাঙা,
দোয়েল-শালিক, বাবুই-টিয়া,
প্রজাপতি আর ঘাসফড়িং।

নদীর তীরে বিচরণ করে
কত রঙের পশুপাখি
সারি বেঁধে বয়ে-চলা
রং-বেরঙের পালতোলা নৌকা
দৃষ্টিনন্দন রূপ
মানুষের মন অনাবিল
আনন্দে ভরিয়ে দেয়।

নদী-তীরে সবুজ বনাঞ্চল
সুবিশাল আকাশ, সবুজের সমারোহ
মাঠ-প্রান্তর দিগন্তবিস্তৃত
ফসলের মাঠ, সবুজের ধানের শিষ
শিশিরবিন্দুর রূপালি হাসি
শিল্পীর সবুজ পত্রপল্লবের ছবির মতো।

কখনও নদীর বক্ষ উত্তাল-উদ্যম তরঙ্গ
ডুবন্ত সূর্যের রক্তিম আভায়
রঞ্জিত পশ্চিমাকাশ যেন
প্রকৃতির অপরিসীম দৃশ্যের সূচনা।

১৬ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## সবাই থাকুক ভালো

জীবন সুন্দর
জীবন ছন্দময়
জীবন মানেই
অবিশ্রান্ত পৃথিবীর
বহতা নদীর মতো বয়ে চলা।

চঞ্চল বায়ু
পূর্ণিমার চাঁদ
বাগানে অজস্র
ফুলের হাসি
সন্ধ্যাপ্রদীপ
আকাশে তাঁরা
ঐতিহ্যের ধারক
সবুজ-শ্যামল
মৃত্তিকা সবুজের প্রাণ।

রৌদ্রোজ্জ্বল আকাশ
সবুজ বাগান
বর্ণিল উপস্থিতি
লেকের শান্ত জল
শ্রদ্ধার প্রতীক
শিল্পীর নির্মাণশৈলী
শুধু অনুভবে নয়
বাস্তব পরিধিতে
সবাই থাকুক ভালো।

২৫ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## একান্ত হৃদয়-অ্যালবাম

প্রেম-প্রণয়ের কোনও কথা
প্রাণ খুলে হয়নি তোমায় বলা-
তুমি ছিলে শুধু
একান্ত হৃদয়-অ্যালবামে
ছড়িয়ে গভীর ভালোবাসা।
তোমায় নিয়ে বেঁধেছি
স্বপ্নের নীড় হৃদয়ের অন্তঃপুরে।

মধুর প্রেমের অনুভূতি নিয়ে
আমার হৃদয়-মন্দিরে
প্রেমের নিকুঞ্জকাননে
সকাল-দুপুর সারা দিবসযামিনী
তোমায় নিয়ে এঁকেছি রঙিন ছবি।

গভীর প্রেমে, সংগোপনে
লালন করি আমার মনে
গোপন ইচ্ছেগুলো
হোক না প্রকাশ!
তোমার কাছে আমার প্রণয়
রবে শুধু আমারই
একান্ত হৃদয়-অ্যালবামে।

২৫ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## শরতের স্নিগ্ধ সমীরণ

শিশিরভেজা পা
ভোরবেলা শিউলির সৌরভ
স্নিগ্ধ সমীরণ
সকালে সোনার রবি
হীরক-জ্যোতি
ঢেউখেলানো ফসলের মাঠ
নদীর তীরে সাদা কাশফুল
হাওয়ায়-হাওয়ায় দোলে
শরতের স্নিগ্ধ পরশ
প্রকৃতি প্রশান্তিতে
উচ্ছল করে কবিমন।

আকাশে সাদা মেঘ
উড়ে বেড়ায় পাখির ঝাঁক
পাখিদের কলকাকলি
মুখরিত ঐকতান
ঘাসফড়িং আর প্রজাতির মেলা।
সারাদিন চলে
রোদ আর মেঘের খেলা।
আবহমান-
শরতের স্নিগ্ধ রূপ
মুগ্ধতার দৃশ্য
ফোটে ওঠে
চোখের আঙিনায়।

২৭ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## নির্জন রাত

চোখে নেই ঘুম
নির্জন রাত
নিস্তব্ধ পৃথিবী
জোনাকির মিটিমিটি আলো
দূর-আকাশে উজ্জ্বল তারকা
নির্জন রাতে চাঁদের হাসি।

দূরে দাঁড়িয়ে
সূচী-বয়সি ভঙ্গিমায়
দু'নয়নার মিতালি
আনন্দ উচ্ছলতা
ব্যাকুলতা ছড়ায়
গোপন অভিসারে
হিয়ার মাঝে
মুগ্ধ আবেশে
সহানুভূতি প্রদর্শনে
স্নিগ্ধ স্মৃতি, নির্মল প্রকৃতি।

প্রকৃতি সেজেছে অপরূপ
সৌন্দর্যে হৃদয়ে প্রশান্তি মেলে।

একাকী নির্জন রাত।

২৭ সেপ্টেম্বর, ২০২৩



CamScanner

## দক্ষ

মস্তবড়ো লেখক তিনি
কাব্যগ্রন্থ আর উপন্যাসে
বেজায় তিনি দক্ষ।

মস্তবড়ো পাঠক তিনি
দৃশ্যকাব্য আর গল্পে
বেজায় তিনি দক্ষ।

মস্তবড়ো গায়ক তিনি
ভাটিয়ালি আর বাউলগানে
বেজায় তাঁর কণ্ঠ।

মস্তবড়ো ভাবুক তিনি
গীতা আর গজলে
বেজায় তিনি রপ্ত।

মস্তবড়ো শৃঙ্খলায়
অন্যায় আর অবহেলায়
বেজায় তিনি রক্ষক।

ডিটেকটিভের কাহিনি
গরম করে রক্ত
অভিজ্ঞতা প্রদর্শন
সবকিছুতে দক্ষ।

০১ অক্টোবর, ২০২৩



CamScanner

# অনুভবে সিক্ত হৃদয়

সৃষ্টির বিশাল ভান্ডার
তোমার পুষ্পিত কাননে
সুরভিত পুষ্পের মতো
বিকশিত হৃদয়ের সৌরভ-
আমার জীবন-সূচনায় তুমি
শেষেও তুমি,
তুমি আমার অহংকার
তুমি আমার অলংকার
তুমি আমার সিঁথির সিঁদুর!

তুমি আমার দিনের আলো
তুমি আমার রাতের তারা
তুমি আমার সুরের মুগ্ধতা
তুমি আমার স্বরচিত কবিতা
তুমি আমার কর্মপ্রেরণায়
বহু বিশেষণে বিভূষিত
পথের পাথেয় তুমি !

আমার জীবন বদ্ধপরিকর
অনুভবে সিক্ত হৃদয়
প্রশ্বাসে-নিশ্বাসে
তুমি আমার জীবনে
কার্বন আর অক্সিজেন
জীবনের আলোকবর্তিকায়
তুমি আমার
অতীত, বর্তমান ও ভবিষ্যৎ।

০২ অক্টোবর, ২০২৩



CamScanner

## আমার কবিতা

জীবন যখন ক্রমশ প্রবাহমান
সজীব ও সাবলীল বিশ্বাসে
কাব্যজগতের কল্পনাশক্তি
আদৃত কবিতাকে গ্রথিতে ইচ্ছুক !

জীবনের চাকা ঘুরে-ঘুরে
দিন চলে যায়, রাত্রি আসে
থেমে নেই প্রকৃতির রীতি
ভালোবাসার উচ্ছ্বাসে
সতেজ বিশ্বাসে
আকর্ষণীয় মধুময় কথাগুলো
বেঁচে থাক আমার কবিতা হয়ে।

কাব্যজগতে বেঁচে থাকার আকুলতা
ক্লান্তহীন কাননে কাব্য-উপহার
প্রাণান্তকর প্রচেষ্টা
প্রতিনিয়ত অবিচল হয়ে থাক
আমার একান্ত নিজস্ব ভুবনে।

০১ অক্টোবর, ২০২৩



CamScanner

# হৃদয়ের ভালোবাসা

এখনও তোমাকে ভালোবাসি
প্রতিটি ক্ষণে তোমাকে নিয়ে ভাবি
বিশাল শূন্যতার মাঝে
তোমার ভালোবাসা
আমার প্রতিটি স্পন্দনে
নিবিড় আবেগে
ভালোবাসার স্মৃতিগুলো
প্রকৃতির প্রশান্তি রূপ।

উজ্জ্বল আভায় ছড়িয়ে
প্রচণ্ড ব্যাকুলতায়
কত বসন্তের রাত
অপেক্ষায় জেগেছি
অমৃতসম প্রেমের
বিচলিত মন।

সেই নির্মম বিদায়ের পর
একটি ক্ষণেও দেখিনি তোমায়
তবুও তেমনি রয়েছে
আমার হৃদয়ের ভালোবাসা।

১০ অক্টোবর, ২০২৩



CamScanner

## স্বাধীনতা

পৃথিবীর আছে স্বাধীনতা
তাই সে করে, নিজ অক্ষে প্রদক্ষিণ।
সূর্যের আছে স্বাধীনতা
তাই সে ছড়ায়, রক্তিম আলো।
চাঁদের আছে স্বাধীনতা
তাই সে ছড়ায়, মৃদু আলো।
মেঘের আছে স্বাধীনতা
তাই সে, ভেসে বেড়ায় নীল আকাশে।
ফুলের আছে স্বাধীনতা
তাই সে, সুবাস ছড়ায় চারিদিকে।
পাখির আছে স্বাধীনতা
তাই সে করে গান।
গাছের আছে স্বাধীনতা
তাই সে অক্সিজেন করে দান।
পানির আছে স্বাধীনতা
তাই সে রক্ষা করে প্রাণ।
আমার আছে স্বাধীনতা
মন যে দেব তোমাকে।

১০ অক্টোবর, ২০২৩



CamScanner

## অতৃপ্ত বাসনা

বিস্তৃত পৃথিবীর অসীম দিগন্তে
বসে ভাবি একা-একা,
এঁকেছি কত ছবি আল্পনায়
কিন্তু পারিনি ব্যর্থ হায়,
এত রূপ-রস, ছন্দমাধুরী
প্রকৃতির স্নিগ্ধ রবি-শশী
অনন্ত নীলিমার জীবন্ত কথা।

কত মহারহস্যে পুঞ্জীভূত, প্রকৃতি সুন্দরী
কত মনে কত ছন্দ গায়
কত গান হৃদয়শ্মশানে, ভ্রান্তিবিবরে
আজি হয়ে গেছি ম্লান।
তবু ব্যর্থ প্রেমিকের মতো
আরও মনে সুন্দর সুন্দরতর জীবন রচনা
রচনার ভাষা গ্রথিতে পুনঃঅবিরত।

অঙ্কুর যদি শুকে যায়
প্রচণ্ড নিখাদে কিংবা ঝড়-ঝঞ্ঝার প্রতাপে
অতৃপ্ত পাদব তবু দমিবে না কভু
এ চিরন্তন রীতি আশ্চর্যের ধরণি।

২৫ ডিসেম্বর, ১৯৯০



CamScanner

## হেমন্তের সোনালি ফসল

ষড়ঋতুর দেশ বাংলাদেশ
অগ্রহায়ণের আগমনে
দিগন্তজোড়া ফসলের খেত
দখিনা বাতাসে দোলে।
মাঠের সোনালি ফসল
বাংলার কৃষকের হৃদয়
আনন্দে ভরে যায়।
এ সোনালি ফসলের দৃশ্য যেন
কোনও গুণী শিল্পীর রংতুলিতে আঁকা
আনন্দ-উল্লাসের মনজুড়ানো ছবি।

আউস, আমন, বোরো চাষ
কৃষকের ভিন্ন ধানের সমারোহ
ফসলের ফলনের আলোড়নে
মাঠভরা সোনালি ধানের শিষ
হিমেল বাতাসে দোলে-দোলে
দোল খেয়ে, মৃত্তিকায় নতশীরে
ফসলের খেত যেন অপরূপ
প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি।

নেই কোনও পথ পেশা ব্যতীত
শ্রম ব্যতীত উপার্জন,
বিশাল মাঠের বুকে
কৃষক কঠোর পরিশ্রমে
সোনালি ফসল ফলায়।
উত্তম ফসলের প্রয়োজন
উপযোগী সার-সেচ
আর আগাছা পরিষ্কার,
ব্যবহৃত কীটনাশক ওষুধে
রোগবালাই দমনে।

অধিকাংশ নির্ভরশীল
পরিচর্যায় ফলনের,
কর্তব্যনিষ্ঠ কৃষক



CamScanner

আনন্দে আত্মহারা
বিপুল সানন্দে
প্রতিক্ষায় অতিবাহিত করে
হেমন্তের সোনালি ফসলের
সুন্দর মুহূর্তের জন্য!

১২ অক্টোবর, ২০২৩



CamScanner

# নির্মল আকাশের নিচে

বৈচিত্র্য প্রকৃতির
অজস্র ঐতিহ্য দিয়ে ঘেরা
চঞ্চল বায়ু
নদীর স্রোত
পূর্ণিমার চাঁদ
সমুদ্রের বিশাল জলরাশি
মাধবকুণ্ডের স্বচ্ছ জলপ্রপাত
যেন জাগতিক শৈল্পিক প্রকাশ।

নির্মল আকাশের নিচে
সাদা মেঘের ভেলা
সারি সারি গ্রাম
তারই মাঝে সবুজ ধানের খেত
এ জগতে দেখি—
কত-যে রঙের বাহার
থমকে যাওয়া প্রাণের নতুন জোয়ার।

জীবনের অসীম বালুচরে
প্রকৃতি যেন তার অপরূপ
সৌন্দর্যের পসরা সাজিয়েছে
আপন মনে।
তোমার আসার আশায় বসে থাকি
আবেগি অনুভূতি নিয়ে
নীল আকাশের নিচে।

১৩ অক্টোবর, ২০২৩



CamScanner

## প্রখর রৌদ্র

মাঠ-ঘাট চৌচির
দুপুরের খা খা রৌদ্রতাপ,
অবিরাম বেঁচে থাকার সংগ্রামে
চাষিরা তীব্র তাপপ্রবাহে
জীবনযুদ্ধে জীবিকার জন্য
ঘর্মাক্ত দেহে, ক্লান্ত হৃদয়ে
অবারিত বৃষ্টির আশায়-আশায়
ঘনঘটা আকাশে
কালো মেঘের পানে চেয়ে
মন যে হয় ভাবনার অবিচল।

ক্লান্ত পথিক দুপুরের নিস্তব্ধতায়
অসহনীয় উত্তাপে- বিশ্রামের জন্য
খোঁজে ফেরে গাছের ছায়া।
প্রখর রৌদ্রে তৃষ্ণার্ত চাতকীর ন্যায়
বাদলধারার আশায় আশায়
ধরণির মাঝে পিপাসিত ওরা
আকাশপানে চেয়ে
আছে অপেক্ষায় অভিমানে!

১৪ অক্টোবর, ২০২৩



CamScanner

## প্রতিক্ষায় গুনছি প্রহর

নিঃসঙ্গ-নিবিড়
অবহেলিত জীবন
চলার ও ছন্দে
এক ক্ষুদ্র পরিসরে
একাকী বসে
প্রতিক্ষায় গুনছি প্রহর!
প্রকৃতির এত বিশালতা
মানুষের এত নিষ্ঠুরতা।
আকাশে-বাতাসে মহা আনন্দে
সরিয়ে দেব সবার মাঝে ,
চৈত্রের হাওয়ায় ক্লান্ত
উৎকণ্ঠা-অস্থির দুপুর
কবে প্রতীক্ষিত সেই শুভক্ষণ?
তোমার আঙিনার উদ্যান
দ্বিধাদ্বন্দ্ব নিয়ে উন্মুখ
খুঁজি চেতনার মুখ।

বুকের ভেতর অন্ধকার
প্রতিক্ষায় লক্ষগোচরে চমৎকার।
বিষণ্নতার দেওয়ালজুড়ে
হৃদয়মাঝে রঙের ছোঁয়া।
ভালোবাসার সাগর ছিল হৃদয়ে
আমার স্মৃতিচিহ্নে
কত আনন্দ-বেদনা-বিরহ
তবুও গুনছি প্রহর
বসন্ত লাগুক আজি
আন্দোলিত প্রাণের শাখায়!

১৫ অক্টোবর, ২০২৩



CamScanner

# মৃত্যু

নিত্যদিনের উৎকণ্ঠিত হৃদয়ে
স্বপ্নের একরাশ
আশা-ভালোবাসা নিয়ে
জীবনস্রোতের আলোড়নে
পথপ্রান্তে ভুলে যায়
মৃত্যুর শঙ্কা!

গতিময় জীবনের স্রোতে
জন্মের প্রথম কাল হতে
মৃত্যু পাহারা দিচ্ছে প্রতিনিয়ত।
অবিশ্রান্ত পৃথিবীর পথে
মৃত্যুর মুখোমুখি হতে
কে চায় বলো?

বিরামহীন গতিপথে
দিবসের শেষে কাম্যহীন
মৃত্যুর সুতীব্র সংকেত
উচ্ছ্বসিত ডাকে ক্ষিপ্রগতিতে
নিঃশব্দে মরণ টেনে নিয়ে যাবে
নীরব-শ্মশানে।

১৫ অক্টোবর, ২০২৩



CamScanner

## অন্দরমহলের অনুচ্চারিত কথা

কল্পনার বিশাল জগতে
তোমাকে নিয়ে আমার
হৃদয়ের সমস্ত ভাবনা
জটিল ভাবনার শৃঙ্খলে
নিত্যনতুন সমারোহ।
স্মৃতির জোয়ারে জাগলো আজি
হৃদয়ের নতুন শিহরন!

আমার স্বপ্নেঘেরা
আকুল করা
ব্যাকুল করা
নদীর ঘাটে
মাঝনদীতে
নৌকা আমার
মনের মাঝে তীব্র দহন
ভালোবাসার ভিখিরি আমি।
মৃদুমন্দ সমীরণে
কিচিরমিচির শব্দে
মহা আনন্দে মধুর সুরে
গাহিছে পাখি গানে গানে।

তোমার আশায় আশায় বসে থাকি
তোমার ভালোবাসায় হয়েছি কাঙাল
প্রেমের আগুনে মনের কোণে
অন্দরমহলের অনুচ্চারিত কথামালা
বসন্ত যে সবই জানে।

১৫ অক্টোবর, ২০২৩



CamScanner

# হৃদয়ের অন্তঃপুরে

ভালোবাসার বিপুল উচ্ছ্বাসে
তুমি আমার হিয়ার মাঝে
সকল দুয়ার দিলাম তোমায় খুলে।
অভিমান কাটিয়ে—
বলবে কথা অনুরাগের ভাষায়,
ব্যাকুলতায় পথ চেয়ে রয় আমি!

এত স্থির হীন চঞ্চল মন
অস্থিরতায় বসে আছি
নীরব প্রতিক্ষায়।
ভালোবাসার সুন্দর ভুবনে
শব্দহীন, ছন্দহীন বিষণ্ন স্রোতধারা
হৃদয়ের অন্তঃপুরে।

হৃদয় কাঁপে থরথরিয়ে
সমুদ্রের উথাল-পাথাল ঢেউয়ে।
সবকিছুতেই আবেগের তারণ্য
আকর্ষণীয় মধুময় নিখাঁদ নির্ভেজাল।
তোমার পাশে আছি অবিচল
অবিচ্ছিন্ন ভালোবাসায়
সত্যিকার বন্ধুর মতো!

১৬ অক্টোবর, ২০২৩



CamScanner

## শীতের সকাল

কুয়াশাচ্ছন্ন শীতের রাত
ভোররাতে বৃষ্টিবিন্দুর মতো
সবুজ ঘাসের ডগায়
শিশিরবিন্দু মিষ্টি রোদে
মুক্তো দানার মতো
ঝলমল করে।

শীতের সকালে
খেজুর-রসে
নতুন চালের
পিঠা-পায়েসের
মিষ্টি গন্ধে
চারদিক আমোদিত করে।

নদীর তীরে সাদা কাশফুল
গাছে-গাছে পাখির কলকাকলি
ভোর ভোরবেলা মোরগের ডাক
শীতের সকালে শিশিরভেজা
সতেজ সাবলীল সবজি-বাগান
শীতল হাওয়ায় দোলে
পূব-আকাশে রক্তিম সূর্য
সবই যেন গুণী শিল্পীর
রংতুলিতে আঁকা ছবি।

১৬ অক্টোবর, ২০২৩



CamScanner

## পূর্ণতা

শোভিত বাগান
ফুলে-ফুলে ভরপুর
পাখির কণ্ঠে
সুমধুর গান
দৃষ্টিনন্দন
প্রকৃতির দৃশ্য।
স্বচ্ছ সকাল
কোমল রোদ
ঘনসবুজ
নির্মল বাতাস
সবুজ বনাঞ্চল
সারি-সারি গাছ
সবুজ প্রান্তরে
বয়ে চলা নদী
চাঁদ আর আকাশ
প্রণয় উল্লাস
চাঁদের হাসি
মুগ্ধ পৃথিবী
চাঁদের জোছনা
প্রেমিকের ভাবনা
সুসজ্জিত শয্যা
পূর্ণতার ভান্ডার।

১৭ অক্টোবর, ২০২৩



CamScanner

# নারী

আবহমান কাল ধরে
অভিশপ্ত নারী
লাঞ্ছিত নারী
অধিকারবিহীন নারী
পদদলিত নারী
পশ্চাদপদ নারী।

পরন্তু উপস্থিতি
নারীর মহিমা
উন্নতির গতি ত্বরান্বিত
স্নেহময়ী নারী
গুনে গুণান্বিতা নারী।
নারী আজ শিক্ষায় বীণাপাণি
নারী আজ গৃহস্থালিতে দ্রোপদী
নারী আজ বীরত্বে গৌরী
সমৃদ্ধ ও প্রগতির পথে নারী।

মহীয়সী নারী বেগম রোকেয়ার
চিরস্মরণীয় অবদান রবে অম্লান।
১৯৫২-সালের ভাষা আন্দোলন
১৯৭১-সালের মুক্তিযুদ্ধ
১৯৬৬-এর গণ অভ্যুত্থান
ইতিহাসে স্বীয় যোগ্যতার
স্বাক্ষর রয়েছে সদর্পে
নারীর অবদান।

১৭ অক্টোবর, ২০২৩



CamScanner

# অবকাশ

ঈদের অবকাশ সবারই আগমন
পরিবারবর্গ সবারই সমাগম
ভরেছিল হৃদয় আনন্দে ভরপুর
ভালো-মন্দ আহার একত্রে বসে
করেছি আলাপন প্রাণজুড়ে
কত মধুর স্মৃতি হৃদয়ে গাঁথা
ফিরেছিল দু-যুগের আগের ভাবনায়।

তারপর গন্তব্যে চলে যায় একে-একে
মুহূর্ত চলে যায় অজ্ঞাতসারে
গতি হ্রাসের সাধ্য কেহ কারও নেই
এ হল আমাদের প্রকৃতির ধর্ম
করতে হবে সবারই স্বীকার।

শুভক্ষণে মায়াজড়ানো
স্বপ্নমাখা কচি মুখগুলো
ক্ষণে ক্ষণে ভেসে ওঠে হৃদয়কোণে
পুনঃঅবিরত মিলনমেলায়
আনন্দ-উল্লাসের তোড়ে
অপেক্ষায় রবে পুনঃঅবকাশ
নিশ্বাসে রবে পূর্ণ বিশ্বাস।

১৮ অক্টোবর, ২০২৩



CamScanner

## অদ্ভুত প্রশান্তি

সবুজ-শ্যামল পরিধি ঘিরে
প্রাণের স্পন্দনে—
দোলা দিয়ে যায় ক্লান্ত মনে
সীমাহীন দিগন্ত ছুঁয়ে ,
অজস্র স্বরলিপি
একান্ত ক্যানভাসে
জেগে আছে সুখ-স্মৃতি
সমস্ত হৃদয়জুড়ে।

গাছে-গাছে লাল পলাশ, কৃষ্ণচূড়া
ভালোবাসার মাধবীলতা
ফুলের সৌরভে মুখরিত প্রকৃতি
ভাবনায় কে-না ফুল ফোঁটায়?
হিজলছায়ায় দুপুরবেলা
রঙের পসরা নিয়ে রংধনু ওঠে
ফুটে উঠেছে কত চিত্রবৈচিত্র্য।

প্রকৃতি প্রচ্ছদ
অনন্ত প্রকৃতির ভেতর
আমাদের নিত্যদিনের
বিবর্ণ যত ইচ্ছেগুলো
হৃদয়ের দরজা সেই খুলে দিলাম
অদ্ভুত প্রশান্তি নিয়ে।

১৮ অক্টোবর, ২০২৩



CamScanner

## বাংলার বর্ষা

গ্রীষ্মের উত্তপ্ত পৃথিবী
বর্ষা করে দেয়
শীতল প্রকৃতি।
আকাশে ঘন কালো মেঘ
গুড়ুম-গুড়ুম মেঘের গর্জন
অবিরাম বৃষ্টি—
পুকুর-খাল-বিল থইথই
বিলে-ঝিলে রাশিরাশি শাপলা
হিমেল বাতাসে দোলে।

বর্ষায় সূর্যের আলো আর
মেঘের লুকোচুরি খেলা
নদীর বুকে ছোটো ছোটো
অজস্র নৌকার ছুটোছুটি
বৈঠা হাতে মাঝির কণ্ঠে
ভাটিয়ালি গান।

রুপোলি ফিতার মতো
নদী বয়ে চলা
নদীর ওপারে সবুজ ফসলের মাঠ
মাঠে মাঠে গরুর বিচরণ
চারপাশে সবুজ আর সবুজ
গাছে-গাছে জুঁই আর
কদম-কেয়ার সমারোহ
বর্ষার সুরভিত অপরূপ সৌন্দর্য
বিরাজ করে হৃদয়গহিনে।

১৮ অক্টোবর, ২০২৩

## বিরহ-বিচ্ছেদ

নির্জনে বসে দেখবো দুনয়নে
সন্ধ্যাতারা আকাশে
ক্লান্তি অবসাদে ভরে যায় চোখ
তবুও মন ভরে না।
অন্তরে অদম্য আবেগ
হৃদয়ের প্রতিধ্বনি যেন
সাগরের উত্তাল তরঙ্গ রাশি
বিরহ-বিচ্ছেদে বাড়ে যন্ত্রণা
তবু হৃদয়ের তৃষ্ণা মেটে না।

মান-অভিমানে কাটিয়ে দিলাম বেলা
চাওয়া-পাওয়া এ গড়মিলে
আমি অতি তুচ্ছ
অথচ,
চারদিকে প্রাসাদষড়যন্ত্র!
হৃদয়মাঝে তোমায়-যে কতভাবে দেখি
অন্তর-মানস বুঝতে-যে পারি না।
বুকভরা কষ্ট আর যন্ত্রণা
নিয়েছি নিজের করে আপন মনে
একা-একা বসে ভাবি স্মৃতির মর্মে
নিঃসঙ্গ-নিবিড় নির্জনতার মাঝে।

২১ অক্টোবর, ২০২৩



CamScanner

## অবিরাম ছুটে চলা

পৃথিবীর বুকে
হাজারো মানুষের ভিড়ে
সাজিয়ে রঙিন তাজমহল।
ক্লান্তহীন দূর্গম পথে
ছুটে চলেছি অবিরাম।
মুহূর্তের সাথে তাল মিলিয়ে
এঁকেছি কত রঙিন ছবি
সাঁজিয়েছি কত
সুরভিত পুষ্পকানন।

দুর্গম পথপ্রান্তে
বিলিয়ে দিতে চাই শুভ্রতা
প্রগতিশীল চিন্তা-চেতনা
যথেষ্ট সমাদৃত
এক বর্ণিল বৈভব
হৃদয়জুড়া স্বপ্নের পৃথিবীতে।
জলেভাসা শাপলায়
ভাসমান জলবিন্দুর ন্যায়
শর্তহীন নিশ্বাস
কাঙ্ক্ষিত জীবন
হবে অজান্তে সমাধি।

২৫ অক্টোবর, ২০২৩



CS CamScanner

## ভাঙলো আমার মন

কত সুন্দর আকাশে গ্রহ-তারা
নির্জনে বসে ভাবি
এত আনন্দ-কল্পনার প্রতিটি মুহূর্ত
হৃদয়ে এক নতুন শিহরন।
জানালার ধারে জোনাকির খেলা
দূর-আকাশে দেখি তারকার মেলা।

প্রকৃতির এত বিশালতা
অনুভবে হৃদয়ের শান্তি খুঁজি,
আকাশে জোছনার রজনি
চেতনার মুহূর্তে—
স্মৃতির জোয়ারে জাগলো আজি
ভাবসাগরে ভেসে
হলাম তোমার পদাশ্রয়ী।

খোলা আকাশের নিচে
সুমধুর সুরে মহা-আনন্দে
গাহিলে পাখি তুমি গানে-গানে
স্মৃতির প্রতি শ্রদ্ধা, ব্যাকুল ইচ্ছে ,
কল্পনার জগতে প্রবাহিত হলো—
কিন্তু নিঃশব্দে—
নিরাশ হৃদয়ে ক্লান্তি-যে এলো
পাখি অচিনদেশে উড়াল দিলে
ভাঙলো আমার মন।

২৭ অক্টোবর, ২০২৩



CamScanner

## শর্তহীন নিশ্বাস

ক্ষুদ্র পরিসরে একাকী বসে
গুনছি অনন্ত প্রহর।
ক্ষণিকের জীবনে এত আয়োজন
হাজারো ভিড়ের মাঝে
এত ভালোবাসা
ছন্দ ছাড়া আমি লিখেছি
কত কবিতা আর গান।

নীরবে ভাবি আর বলি
দু'দিনের খেলাঘরে
কল্পনার জগতে ছুটে যায় বহুদূর।
সৃষ্টির অতি নগণ্য—
রং-বেরঙের মানুষ দেখি
কেমন করে চিনব আমি
সবাই আমার কল্যাণময়ী।

এ দুনিয়ায় ইচ্ছেমতো
করছে বিচরণ—
ভালো-মন্দের হিসাব
রাখে না কেউ-ই
রঙিন স্বপ্নের সম্মুখভাবনায়
দুনিয়ার মায়ায় আসক্ত হয়ে
শর্তহীন নিশ্বাস নিয়ে
রাখে কত বিশ্বাস
জীবনের মুহূর্ত ছুটছে অবিরাম।

০১ নভেম্বর, ২০২৩



CamScanner

## তোমাকে ভালোবাসি বলে

হাসনাহেনা, জুঁই-চম্পা
সুগন্ধি ফুলের মতো
আমার হৃদয়ের ভালোবাসা।
সীমাহীন বেদনা
তোমার ভালোবাসার পৃথিবীতে
ক্লান্ত পথিক আমি।

আশার প্রদীপ জ্বেলে
স্বপ্নের বীজ বুনে
হৃদয়ের প্রতিটি স্পন্দনে
বেজে ওঠে তোমার
শব্দহীন ভালোবাসার সুর।

কত কবিতা ছন্দহীন
নিবিড় আবেগে
হাবুডুবু খেয়েছি
মনের অজান্তে
শুধু তোমাকে ভালোবাসি বলে।

তুলেছি নানা জাতের ফুল
মনের আনন্দে কাঁটা উপেক্ষা করে
তুলেছি কত লাল গোলাপ
সেজেছি ফুলদানি হৃদয়মন্দিরে
কদম, কেয়া, কৃষ্ণচূড়া
আরও গেঁথেছি বকুলফুলের মালা
শুধু তোমাকে ভালোবাসি বলে।

০২ নভেম্বর, ২০২৩



CamScanner

## ঋতুরাজ বসন্ত

শীতের প্রকোপে
নিষ্প্রাণ প্রকৃতি।
বসন্তের আগমনে
পাতাঝরা শীতে
বৈরাগ্য থাকে না।
গাছে-গাছে কচি পাতা
পাতায় পাতায়
সবুজ হয়ে ওঠে
বন-বনানী।

পুষ্প ও পল্লবে
ছেয়ে যায় বৃক্ষশাখা।
ফুলের সৌরভ বয়ে আনে
জীবনের নতুন বার্তা।
শিমুলের থোকা থোকা ফুল
সরষে ফুলের হলুদ রঙের বাহার
অজস্র ফুলের সৌরভ
চারদিক মৌ মৌ করে।

ফুলে-ফুলে মৌমাছির বিচরণ
প্রজাতির লুটোপুটি খেলা
বদলে যায় প্রকৃতির দৃশ্য।
কোকিলের কণ্ঠে
বেজে ওঠে সুমধুর সুর
গাছে-গাছে আমের মুকুল
প্রকৃতি শোভিত করে
ঋতুরাজ বসন্ত।

০৮ নভেম্বর, ২০২৩



CamScanner

## নদীর মোহনায়

প্রভাতের নির্মল আলো
প্রভাতের স্নিগ্ধ সমীরণ
প্রভাতের শিশির বিন্দু
বৃক্ষলতা, পত্রপুষ্প
তৃণাদির ওপর
ঝলমল করে ওঠে।

মধ্যাহ্নে দীপ্ত সূর্য
বিজন রাতের মৌন তারকা
নিত্যকার চলার পথের সাথি।
জেলেরা মাছ ধরে
মেঘের ছায়ায়,
ভাটিয়ালি সুর তুলে
বৈঠাহাতে মাঝি
লাল-নীল পাল উড়িয়ে
অনেক দূর বয়ে চলেছে
নদীর মোহনায়।

ঋতুবৈচিত্র্যের সাথে সাথে
বদলে যায় চেহারা
কখনও প্রশান্ত
কখনও অশান্ত
কখনও প্রলয়ঙ্কারী
কখনও অভিমানিনী।

চারদিক অরণ্য
প্রকৃতি স্তব্ধতা
আকাশচুম্বী পর্বতচূড়া
নয়নাভিরাম শস্যশ্যামল
রঙিন স্বপ্নের আবেগে
বয়ে চলা নিরবধি
নদীর মোহনায়।

১২ নভেম্বর, ২০২৩



CamScanner

## অমলিন ভালোবাসা

নিঝুম নিবিড় গহিন রাতে
নীরবে একাকী—
স্মৃতির দুয়ারে গভীর ধ্যানে
সুখের নেশায় স্বপ্নে বিভোর
হৃদয়ের অমলিন ভালোবাসা।
যে ভালোবাসা নীরবে কাঁদায়
যা ক্ষণিকের নয়—
প্রতিটি মুহূর্তে, প্রতিটি স্পন্দনে
নারী ছোঁয়া ভালোবাসা।

প্রতিদিন ফুল ফোটে সুবাস ছড়ায়
কত রং-বেরঙের ফুলের বাহার
নৈসর্গিক সৌন্দর্য নয়নাভিরাম
স্মৃতির আল্পনা এঁকে
স্মৃতির উল্লাসে বাঁচিয়ে রাখতে চাই
আমার অমলিন ভালোবাসা।

১৩ নভেম্বর, ২০২৩



CamScanner

## ইচ্ছে

ইচ্ছে করে ফিরে যেতে
যেথায়—
আছে আমার নাড়ি পোঁতা!
ইচ্ছে করে হাঁটতে আমার
ধুলোর মাঝে—
যে-আঙিনায় প্রথম হাঁটা।
ইচ্ছে করে শুনতে আমার
মায়ের মুখের মধুর ডাক।
ইচ্ছে করে দেখতে আমার
মুগ্ধ হয়ে
চাঁদের মতো মুখ।
ইচ্ছে করে খেতে আমার
স্বাদের ভোজন
বধূর হাতের খাবার।
ইচ্ছে জাগে হিয়ার মাঝে
হয় যদি
তোমার সাথে দেখা।
ইচ্ছে করে ভিড়ের মাঝে
চোখের ভাষায় কথা বলি।
কত সুখস্মৃতি
আবেগের তাড়নায়
জেগে থাকতে ইচ্ছে করে
অন্যরকম অনুভূতিতে।

১৫ নভেম্বর, ২০২৩



CamScanner

## শুধুই তুমি

তুমি আমার প্রাণভ্রমরা
তুমি আমার বহির্ভাগ
তুমি আমার স্বপ্ন
তুমি আমার প্রকৃত
তুমি আমার সম্মুখ
তুমি আমার পশ্চাৎ
তুমি আমার জীবন
তুমি আমার মরণ
তুমি আমার আলো
তুমি আমার আঁধার
তুমি আমার প্রেরণা
তুমি আমার চেতনা
তুমি আমার জ্ঞান
তুমি আমার ধ্যান
তুমি আমার অতীত
তুমি আমার বর্তমান
তুমি আমার ভবিষ্যৎ
তুমি আছ বলে
সবই মোর আছে
তাই,
শুরুতেও তুমি
শেষেও তুমি
শুধুই তুমি!

১৬ নভেম্বর, ২০২৩



CamScanner

## অপূর্ব সৌন্দর্য

শৈশবের স্মৃতি কড়া নাড়ে
আমাদের হিয়ার মাঝে
সেই রঙিন দিনগুলো
ভেসে ওঠে বার বার।

শৈশবের স্মৃতিচিহ্নে
কত আনন্দ, কত বেদনা
কত বিরহ, কত হাসিকান্না
কত উচ্ছ্বাস , কত উল্লাস
মনের পর্দায় ভেসে ওঠে
কেমনে ভুলি
শৈশবের রঙিন দিনগুলো?

নীলাকাশের নিচে
সারি সারি গ্রাম
সবুজ ধানের খেত
জলাশয়ে মাছরাঙা
দিঘিতে শাপলা-শালুক
খেয়াঘাটে ডিঙি-নৌকা
নিবিড় অরণ্য, সবুজ প্রকৃতি
অনুভবে-অনুভূতিতে
অপূর্ব সৌন্দর্যের মাঝে
যৌবনের যত লাবণ্য
শৈশবের দুরন্তপনার স্মৃতি
আমাকে আরও উতলা করে।

১৭ নভেম্বর, ২০২৩



CamScanner

## ভাবনার বহিঃপ্রকাশ

কখনও ভালো
কখনও মন্দ
কখনও আনন্দ
কখনও বেদনা
কখনও সদয়
কখনও নির্দয়
কখনও সহজ
কখনও কঠিন
কখনও প্রণয়
কখনও ঘৃণা
কখনও জ্যোতি
কখনও ধারক
দৃষ্টি আমার
সৃষ্টি আমার
ভাবনার কত রহস্য
সবই ভাবনা করতল।

১৮ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## ভোরের শিউলি

সবুজ পৃথিবীর ঠিকানায়
শরতের শিউলি ঝরে
সুবিশাল বাতায়ন
হিমেল হাওয়ায়
ভেসে আসে
মিষ্টি-মধুর সৌরভ,
নয়নশোভিত দৃশ্য
নীরব তৃপ্তির জন্য
হৃদয়ে দোলা দেয়
আনমনে বসে থাকি
আবেগ-উচ্ছ্বাসিত প্রাণে
মাটির শরীরে শিউলির সংলাপ।

কুয়াশা ঢাকা
শিউলি ঝরা
শীতের সকাল
অনাবিল সৌন্দর্য
বিস্তার করে
প্রগাঢ় শান্তি
উপভোগ্য হয়ে ওঠে
স্নিগ্ধ কবির মন।

২০ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## আমার আকর্ষণ

তোমার লাবণ্য হাসি
ওই হাসিতে যেন মুক্ত ঝরে,
তোমার দিঘল কালো চুল
যেন রূপসি কন্যার বেশ,
তোমার হরিণীর মতো
চোখের চাহনিতে অমায়িক জাদু,
পূর্ণচন্দ্রের আলোকের ন্যায়
তোমার উজ্জ্বল মুখশ্রী।

তোমার প্রশান্ত বক্ষ—
তোমার বৃষ্টিতে ভেজা চুল
তোমার পায়ের নূপুরের ধ্বনি
তোমার নরম কোমল হাতের ছোঁয়া
পুলকিত হয় বিচলিত মন।

শুধু তাই নয়—
তোমার আঙিনায়
পুষ্পকাননে কত সুবাসিত ফুল
আমার ভাবনার অট্টালিকায়
চিন্তা-চেতনায় মনের গভীরে
দেহের প্রতিটি শিরায়
আমার আকর্ষণ
মনের মন্দিরে আবেগ-অনুভূতিতে
আন্দোলিত করে অবিরাম।

২১ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## মুগ্ধতার আবেশে

আমার মন যখন
হয়ে ওঠে অশান্ত
কিছু স্মৃতি অদ্ভুত প্রশান্তি
মনকে করে দেয় শান্ত।

আমার মধুর স্মৃতিগুলো
মুগ্ধতার আবেশে
চাঁদনি রাতে অপূর্ব জোছনা
তোমার অপরূপ রূপ
দোলা দিয়ে যায়
ক্লান্ত মনে।

সীমাহীন দিগন্ত ছুঁয়ে
কুসুম-কোমল
কাব্যের অনুভূতি
প্রণয়উল্লাসে মেতে ওঠে
চাঁদ আর আকাশ।

গোপন অভিসারে
স্মৃতির আয়নায়
ঘুমের ঘোরে
স্বপ্নে জেগে থাকি
দু-জনার মনের মন্দিরে।

২১ ডিসেম্বর, ২০২৩



CS CamScanner

## অপেক্ষা

পড়ন্ত বিকেলে
চোখের ঈশারায়
মনের মন্দিরে
নিত্যদিনের ভাবনার
তীব্র ব্যথার সাথে
নাড়িছোঁয়া যন্ত্রণা
বুকের ভেতর
সুরের গুনগুনানি
উথলে উঠে
শব্দহীন এক সুর।

গভীর রাতে একপলকে
চাঁদের আলোয়
উপভোগ করেছি
হৃদয়ের টানে
প্রেমের জোয়ারে
অপেক্ষায় কেটেছি বিনিদ্রায়।

পথিক বিরল জনপথ
শূন্য নীরব মাঠ
নব উদ্যমে
আবেগ-অনুভূতি
মুক্ত আকাশে
মুক্ত বিহঙ্গ
ব্যর্থতার চিহ্ন—
অপেক্ষায় কেটেছি স্মৃতির মর্মরে।

২২ ডিসেম্বর, ২০২৩



CamScanner

# খোলা আকাশের নিচে

চন্দ্র-সূর্য
নিয়মমাফিক বৈপরীত্য
আলো-আঁধার
বিচিত্র ধরণি
অনুকূল-প্রতিকূল
আবহাওয়ার ভিন্নতা
চেনা-অচেনা
মুহূর্তের ব্যবধান
জীবন-মরণ
চিরন্তন রীতি
ভালো-মন্দ
রয় পাশাপাশি
উঁচু-নিচু
থাকে ব্যবধান
সুন্দর-কুৎসিত
দৃষ্টিবিন্যাস
ধনী-গরিব
বৈষম্য সৃষ্টি
মান-অভিমান
প্রেমের অহংকার
খোলা আকাশের নিচে
মনে কত আকুলতা
তোমার আমার মনে
রবে শুধু সমতা।

২৩ ডিসেম্বর, ২০২৩



CamScanner

# ঋতুবৈচিত্র্য

নৈসর্গিক সৌন্দর্য নয়নাভিরাম
সবুজ-শ্যামল অরণ্য
গাছে গাছে পাখির কলকাকলি
ষড়ঋতু এই বাংলার
হরেক রকমের ফুল-ফল
প্রকৃতি যেন
অপরূপ সৌন্দর্যে শোভিত।

গ্রীষ্মের তীব্র তাপপ্রবাহে
প্রচুর মৌসুমি ফল,
বর্ষায় প্রচুর বৃষ্টি
ঝমঝমিয়ে বৃষ্টি নামে
মাঠ-ঘাট থইথই !
শরতে নতুন ধানের শিষ
মৃদু বাতাসে দোলে
প্রভাতে শিউলিফুলের সৌরভ,
হেমন্ত নিয়ে আসে শীতের বার্তা
বাংলার বুকে নবান্ন উৎসবের আয়োজন
শীতের সকালে শিশিরভেজা
সতেজ সাবলীল সবজি-বাগান
বসন্তে কোকিলের কুহুকুহু ডাক
গাছে-গাছে নতুন পাতা
ফুলে-ফুলে ভরপুর
প্রকৃতির ঋতুবৈচিত্র্য।

২৬ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## একান্ত নিভৃতে

বিজন রাতের প্রহরগুলো
স্নিগ্ধতার আকর্ষণীয়
অনিন্দ্য-সুন্দর মুহূর্ত
রুপালি চাঁদের আলোয়
নদীর বুকের ঢেউ
প্রজাপতির ইচ্ছে
আবেগপ্রবণ
আবেগের তাড়নায়
মনের গভীরে
সারারাত গাঁথি
সুতো বিনে মালা।

হাজারো ভিড়ের মাঝে
আহত পাখির মতন
কমলারঙের বিকেল
প্রকৃতি মিলেমিশে একাকার।
ভাবনার অবকাশে
মিলিত দিগন্তরেখা
ভীষণ ক্লান্ত
নীরব স্তব্ধ
শূন্য হাহাকার
উষ্ণ ভালোবাসা
শীতল বাতাস
অব্যক্ত থাক
একান্ত নিভৃতে।

২৬ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## বিচলিত মন

আমার বাসনার ফুলবাগিচার
হৃদয়-গহিনে ফুটেছে
ভিন্ন রঙিন ফুল।
পূর্ণিমায় আলোকিত রজনি
জোছনা ধরে রেখেছে
আপনি আসবেন বলে।

লালমাটিয়ার সে মেঠোপথে
কৃষ্ণচূড়ার ফুল বিছিয়ে
দু-ধারে ভিন্ন রঙের আলোর ঝলক
দু-ধারে লাল-নীল-সবুজ
সাঁজিয়ে পতাকার বাহার
আপনি আসবেন বলে।

পড়শি পরিপাটি পোশাকে
সুগন্ধি আর আলতা-পায়ে
করেছে উৎসবের আয়োজন।
সুসজ্জিত ঢোলের তালে
গুণী শিল্পীর অভিভূত আসরে
পূর্ণ দর্শক আনন্দ-উল্লাসে
কালের এক অমোঘ নিয়মে
শুভক্ষণের ঘণ্টার ধ্বনি
অপেক্ষায় আন্দোলিত করে
বিচলিত মন,
আপনি আসবেন বলে।

২৬ ডিসেম্বর, ২০২৩



CamScanner

## অবিশ্রান্ত পৃথিবী

প্রত্যেক নিভৃত ক্ষণে
এখনও প্রাণের স্তরে স্তরে
তোমার ভালোবাসার
উজ্জ্বল উপস্থিতি
স্বাগত ভাবাবেগে
শরীরের গোপনে
হৃদয়প্রান্তে
ভালোবাসার মর্মরধ্বনি বাজে।

প্রেমের স্বপ্নিল জগতে
আমার বিনিদ্ররাত
তোমার অকৃপণ ভালোবাসা।

অবিশ্রান্ত পৃথিবীতে
রোমাঞ্চকর লাগে
আবেগপ্রবণ স্মৃতিদর্পে।
ক্ষুদ্র আমি, তুচ্ছ নয়
হাতছানি দেব বারে বারে।

রাত নির্জন, প্রেমের আবেগে
সুখের স্মৃতিতে
একা শয্যায়
তোমার ভালোবাসায়
মুগ্ধতা ছড়ায় যথারীতি।

২৭ ডিসেম্বর, ২০২৩



CamScanner




Abishranta Prithibi
(A Collection of Poetry in Bengoli)
by Brinda Rani Sinha

Published by **Ghas Prakashan**
Masudighir Par, Sylhet, Bangladesh

CamScanner